

মোহাম্মদ (ﷺ) নাম জপেছিলি

কাজী নজরুল ইসলাম

মোহাম্মদ নাম জপেছিলি বুলবুলি তুই আগে ।

তাই কি রে তোর কঠের গান এমন মধুর লাগে ॥

ওরে গোলাপ, নিরিবিলি

বুঝি নবীর কদম ছুয়েছিলি,

তাই তার কদমের খোশবু আজও তোর আতরে জাগে ॥

মোর নবীরে লুকিয়ে দেখে

তার পেশানীর জ্যোতি মেখে

ওরে ও চাঁদ, রাঙ্গলি কি তুই গভীর অনুরাগে ॥

ওরে ভ্রমর, তুই কি প্রথম

চুমেছিলি নবীর কদম,

আজও গুণগিনিয়ে সেই খুশী কি জানাসরে গুলবাগে ॥